

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের  
দয়াগঞ্জ এবং ধলপুর -এ নবনির্মিত  
পরিচ্ছন্নশালী নিবাস

শুভ উদ্বোধন ফেয়েন

শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

০৮ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়



রাজধানী ঢাকা বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ নগরী। স্থায়ী বাসিন্দা ছাড়াও প্রতিদিন লক্ষ মানুষের আসা যাওয়ায় মুখরিত এই জনপদ। মহানগরীর মানুষের কাছে শহরের রাস্তাঘাট, নর্দমা ইত্যাদি পরিষ্কারসহ বিভিন্ন নাগরিক সেবা পৌঁছে দিচ্ছে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন। শহর পরিচ্ছন্ন করতে যারা প্রতিদিন কাক ডাকা ভোরে রাস্তায় নেমে আসেন তাদের সংখ্যা উত্তর ও দক্ষিণ দুই সিটি কর্পোরেশন মিলে মোট ৭১৫৬ জন। কাজের প্রকৃতি অনুযায়ী পরিচ্ছন্নকর্মীদের কর্মস্থলের নিকটবর্তী স্থানে থাকতে হয়। ৭১৫৬ জন পরিচ্ছন্নকর্মীর পরিবারের বসবাসের জন্য দুই সিটি কর্পোরেশন কর্তৃক ২৯৮০ টি পরিবারের আবাসনের ব্যবস্থা করা সম্ভব হলেও অবশিষ্ট ৪১৭৬ টি পরিবার শহরের বিভিন্ন স্থানের ১৪ টি কলোনীর অস্থায়ীকরণ পরিবেশে ঝুঁকিপূর্ণ ভবনে বসবাস করছে। এ প্রেক্ষাপটে পুরাতন ঝুঁকিপূর্ণ ভবন ভেঙে নতুন ভবন নির্মাণের জন্য ২০১২ সালের ২৪ জুলাই অনুষ্ঠিত একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুশাসন প্রদান করেন। একই বছর ২৯ আগস্ট স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত মাসিক প্রকল্প পর্যালোচনা সভায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার পরিচ্ছন্নকর্মীদের আবাসনের একটি প্রকল্প প্রণয়নের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এলজিইডিকে দায়িত্ব দেওয়া হয়। অধিক সংখ্যক পরিচ্ছন্নকর্মীর আবাসন সুবিধা প্রদানের লক্ষ্যে পুরাতন, জ্বরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ১২ টি ৪ তলা ভবনের স্থানে ১৩ টি ১০ তলা ভবন নির্মাণের জন্য একটি উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়ন করে এলজিইডি, যেখানে ১১৪৮ টি পরিবারের বসবাসের সংস্থান রাখা হয়। ২০১৩ সালের ১ অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় সম্পূর্ণ সরকারী অর্থায়নে ১৯০ কোটি টাকার প্রকল্পটি অনুমোদিত হয়।

এলজিইডির ডিজাইন ইউনিট ভবনের নকশা প্রণয়ন করে। প্রতিটি ভবনে পর্যাপ্ত আলো-বাতাস প্রবেশের ব্যবস্থাসহ বিদ্যুৎ, জেনারেটর ও লিফট স্থাপনের ব্যবস্থা রাখা হয়েছে। রাজধানী দয়াগঞ্জে ৫ টি, ধলপুরে ৫ টি ও সূত্রাপুরে ৩ টি ভবন নির্মিত হচ্ছে, যার মধ্যে দয়াগঞ্জে ২ টি ও ধলপুরে ২ টি ভবন নির্মাণ কাজ শেষ হয়েছে, যেখানে মোট ৩৪৫ টি ফ্লট রয়েছে। এই ৪ টি ভবনের শুল্ক উদ্বোধন হতে যাচ্ছে আজ। অন্য ভবনগুলোর কাজ দ্রুত এগিয়ে চলেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, অবহেলিত জনমানুষের মুখে হাসি ফোটানো যার জীবনের ব্রত, তিনি আজ এ চারটি ভবনের শুল্ক উদ্বোধন করছেন। ১৩ টি ভবনের ১১৪৮ টি ফ্লট নির্মাণ কাজ শেষ হলে ১১৪৮ টি পরিচ্ছন্নকর্মী পরিবার এসব ফ্লটে বসবাসের সুযোগ পাবেন। এতে বসবাসকারী পরিবারের সদস্যদের স্বাস্থ্য, শিক্ষা তথা জীবনমান আরও উন্নত হবে।

## তথ্য কনিকা:

- ২০১২ সালের ২৪ জুলাই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একনেক সভায় ঢাকা সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নকর্মীদের পুরাতন ঝুঁকিপূর্ণ ভবন ভেঙে নতুন ভবন নির্মাণের অনুশাসন প্রদান করেন।
- উক্ত অনুশাসনের প্রেক্ষিতে পূর্বের ঝুঁকিপূর্ণ ১২টি ৪ তলা ভবন ভেঙে ১৩টি ১০ তলা ভবনে মোট ১১৪৮ টি ফ্ল্যাট নির্মাণের জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়ন করা হয়।
- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ০১ অক্টোবর ২০১৩ সালে প্রকল্পটি অনুমোদিত হয়।
- প্রকল্প ব্যয় : ১৯০ কোটি টাকা
- অর্থায়নে : বাংলাদেশ সরকার
- মোট ভবন : ১৩ টি
  - দয়াগঞ্জে ৫ টি ভবনে ৪৪০ টি ফ্ল্যাট
  - ধলপুরে ৫ টি ভবনে ৪৮০ টি ফ্ল্যাট
  - সূত্রাপুরে ৩ টি ভবনে ২২৮ টি ফ্ল্যাট
- মোট ফ্ল্যাট সংখ্যা : ১১৪৮ টি
- ফ্ল্যাটের আকার : ৪৭২ বর্গফুট
- কক্ষ সংখ্যা : ২ টি শয়ন কক্ষ, ১ টি রান্নাঘর, ১ টি টয়লেট ও ২ টি বারান্দা
- প্রতিটি ভবনে লিফট এবং সার্বক্ষনিক বিদ্যুতের জন্য জেনারেটর এর ব্যবস্থা আছে। আছে আলাদা বৈদ্যুতিক সাব স্টেশন ও অগ্নি নির্বাপন ব্যবস্থা।
- ভবনের সম্পূর্ণ ফ্লোর টাইলস্ দ্বারা আবৃত।
- প্রতিটি ভবনে পৃথক স্টোর রুম ও একটি কমিউনিটি হল রয়েছে।

দয়াগঞ্জের ২ টি ও ধলপুরের ২ টি মোট ৪ টি ভবনের (৩৪৫ টি ফ্ল্যাট) শুভ উদ্বোধন হচ্ছে আজ।

## প্রকল্পে সুফল

প্রকল্পটি বাস্তবায়িত হলে নাগরিক সুবিধা বঞ্চিত ১১৪৮ টি পরিচ্ছন্নকর্মী পরিবারকে আধুনিক ও যুগোপযোগী আবাসন সুবিধা প্রদান করা যাবে। এতে তাদের আবাসিক সংকট লাঘব হবে। পরিবারগুলো উন্নত পরিবেশে বসবাস করতে পারবে। পরিবারের সদস্যদের শিক্ষা ও স্বাস্থ্য তথা সামগ্রিক জীবনমান উন্নত হবে।



প্রিচ্ছন্ন কক্ষা নিবাস দয়গঞ্জ, ইউএসসি

